ক্যান্টনমেন্ট বোর্ড,
ঢাকা ক্যান্টনমেন্ট।
============

১৯৯১ ইং সনের ১৯শে সেপ্টেম্বর বেলা ১০-০০ ঘটিকায় অনুষ্ঠিত পর্ষদ সভার কার্য বিবরণী।
==========================================================

প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় নিম্নবর্ণিত সদস্যবর্গ উপস্থিত ছিলেন :-

| | | | |
|---|---|---|---|
| ১। | কর্ণেল মনিরুজ্জামান খান, পিএসসি, স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস। | - প্রেসিডেন্ট | - উপস্থিত। |
| ২। | এস, ই, এম, ও, সি, এম, এইচ, ঢাকা সেনানিবাস। | - সদস্য | - উপস্থিত। |
| ৩। | অধিনায়ক, প্রশাসনিক শাখা, বি, এ, এফ, বেস বাশার, ঢাকা সেনানিবাস। | - সদস্য | - উপস্থিত। |
| ৪। | কমান্ডিং অফিসার, বি, এন, এস, হাজী মহসিন, ঢাকা সেনানিবাস। | - সদস্য | - উপস্থিত। |
| ৫। | সি, এম, ই, এস, (আর্মি) ঢাকা সেনানিবাস। | - সদস্য | - উপস্থিত। |
| ৬। | জনাব মেহদী হাসান (জেলা প্রশাসক, ঢাকা কর্তৃক মনোনীত) প্রথম শ্রেনীর ম্যাজিস্ট্রেট। | - সদস্য | - অনুপস্থিত। |
| ৭। | জনাব সৈয়দ আজহারুল হক, ৪, সেনানিবাস আবাসিক এলাকা, ঢাকা সেনানিবাস। | - সদস্য | - উপস্থিত। |
| ৮। | লেঃ কর্ণেল (অবঃ) এস, এ, ডব্লিউ, এম, নাজিম হোসেন | - ডি ও এইচ এস, বনানী এর প্রতিনিধি সদস্য। | |
| ৯। | ফ্লাঃলেঃ (অবঃ) এ, বি, এম, এ, রশিদ | - ডি ও এইচ এস, বনানী এর প্রতিনিধি সদস্য। | |
| ১০। | কর্ণেল (অবঃ) বজলুল গণি পাটওয়ারী, বি, পি, পিএসসি, | - ডি ও এইচ এস, মহাখালী এর প্রতিনিধি সদস্য। | |
| ১১। | কমান্ডার (অবঃ) টি, আই, এম, নুরুন্নবী, | - ডি ও এইচ এস, মহাখালী এর প্রতিনিধি সদস্য। | |
| ১২। | জনাব মোঃ আবদুল করিম ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা সেনানিবাস। | - সেক্রেটারী | - উপস্থিত। |

উপস্থিত সম্মানিত সদস্যবর্গকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কাজ শুরু করেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয় :-

**প্রস্তাব নং-১ :** বিগত সভার কার্য বিবরণী অনুমোদন :

গত ৩১-৭-৯১ ইং তারিখে অনুষ্ঠিত পর্ষদ সভার কার্য বিবরণী অনুমোদন করা এবং গৃহীত সিদ্ধান্ত ও কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া।

**গৃহীত সিদ্ধান্ত :-** গত ৩১-৭-৯১ ইং তারিখের অনুষ্ঠিত পর্ষদ সভার গৃহীত সিদ্ধান্ত সমূহ সম্পর্কে অবহিত হয়ে উক্ত সভার কার্য বিবরণী অনুমোদন করা হলো।

**প্রস্তাব নং-২ :** ডি ও এইচ এস এলাকায় কোচিং সেন্টার স্থাপন :

ডি ও এইচ এস, বনানীতে মিসেস ফেরদৌসি চৌধুরী কর্তৃক বাড়ী নং-১০, সড়ক নং-৪, মহিলাদের জন্য কোচিং সেন্টার স্থাপনের ২১-৮-৯১ ইং তারিখের আবেদনটি বিবেচনা করণ

**গৃহীত সিদ্ধান্ত :** প্রার্থীত বিষয়ে সেনা সদরের অনুমতি গ্রহনের জন্য আবেদন পত্রটি 'সাভুসে' অধিদপ্তরে প্রেরনের সিদ্ধান্ত গৃহীত হলো।

২য় পৃঃ দ্রঃ

**প্রস্তাব নং-৩ঃ** ডিওএইচএস এলাকায় ইনভেষ্টমেন্ট ক্রেডিট কো-অপারেটিভ সোসাইটি লিঃ এর শাখা স্থাপন ঃ

ইনভেষ্টমেন্ট ক্রেডিট কো-অপারেটিভ সোসাইটি লিঃ কর্তৃক তাহাদের একটি শাখা ডিওএইচএস,
এলাকায় স্থাপনের বিষয়ে উক্ত কো-অপারেটিভ সোসাইটির চেয়ারম্যানের ১৮-৮-৯১ ইং
তারিখের আবেদনটি বিবেচনা করণ ।

**গৃহীত সিদ্ধান্তঃ-** প্রার্থীত বিষয়ে সেনা সদরের অনুমতি গ্রহনের জন্য আবেদনপত্রটি 'সাভূসে' অধিদপ্তরে প্রেরনের
সিদ্ধান্ত গৃহীত হলো ।

**প্রস্তাব নং-৪ ঃ** গাছের ডাল-পালা কর্তন প্রসংগে ঃ প্লট নং-২৪, ডিওএইচএস, মহাখালী ঃ

স্টেশন সদর দপ্তরের ২৮-৮-৯১ ইং তারিখের ৭০৭/৭/কিউ-২ নং পত্রের আলোকে বাংলো
নং-৪৬/বি এর পার্শ্বে প্লট নং-২৪, ডিওএইচএস, বনানী বাসায় অবস্থিত গাছের ডাল-পালা
কর্তনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করা ।

**গৃহীত সিদ্ধান্তঃ-** নিয়ম মোতাবেক গাছের ডাল কর্তনের সিদ্ধান্ত গৃহীত হলো । এ সিদ্ধান্ত সংশ্লিষ্ট সকলকে অবহিত
করা হোক ।

**প্রস্তাব নং-৫ ঃ** মহাখালী ডিওএইচএস এর ২৮৯ নং প্লটের মালিক কর্তৃক ৫ তলার পরিবর্তে ৬ তলা ইমারত
নির্মাণ প্রসংগে ঃ

কর্ণেল সামছুজ্জাহান ( ডিওএইচএস, মহাখালী প্লট নং-২৯০ এর মালিক ) এর তাঁহার পার্শ্ববর্তী
প্লট নং-২৮৯ এর মালিক কর্তৃক বিধি বহির্ভূত ভাবে ৬ তলা নির্মানের বিষয়ে ১৪-[illegible]-৯১ ইং
তারিখের উথ্যাপিত আপত্তি সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করা ।

**গৃহীত সিদ্ধান্তঃ-** ২৮৯ নং প্লটের অবস্থান এবং আকৃতি বেডপ হওয়ায় মালিক কর্তৃক কোন অবস্থাতেই
গ্রাউন্ড ফ্লোরে কোন ফ্ল্যাট করা সম্ভব নয় । সেহেতু মালিক অন্যান্য সবার মত পাঁচ ফ্লোরের
সুযোগ থেকে বঞ্চিত তাই ব্যাংক ঋন পরিশোধ করা তাঁর জন্য কষ্ট সাধ্য হবে । সে জন্য বিশেষ
বিবেচনায় সর্ব সম্মতি ক্রমে ২৮৯ নং প্লটে ৬ তলায় পেন্ট হাউস নির্মানের অনুমতি প্রদান করা
হলো । বোর্ডের সকল সদস্য অভিমত পোষন করেন যে, সিভিল এভিয়েশন কর্তৃপক্ষের কোন আপত্তি
না থাকিলে সকলকেই ডিওএইচএস-এ ৬ তলা পর্যন্ত বিল্ডিং করতে দেওয়া যাইতে পারে
কারণ আগামীতে আবাসিক সমস্যা আরো প্রকট হইবে । তাছাড়া নির্মাণ ব্যয়ও বৃদ্ধি পাইবে ।
বোর্ডের বর্তমান প্রচলিত বিল্ডিং বাই-'ল'তে ষষ্ঠ তলা পর্যন্ত নির্মানের ব্যাপারে প্রয়োজনীয়
সংশোধনী করার ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হলো । সেনা, নৌ ও বিমান সদর সহ
সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষকে এ ব্যাপারে অবহিত করার জন্য সি, ই, ও, কে অনুরোধ করা গেল ।

**প্রস্তাব নং-৬ ঃ** নক্শার বহির্ভূত কাজ করণ প্রসংগে ঃ প্লট নং-১৪৬ এবং বি/১১৭

ডিওএইচএস, মহাখালী এলাকার কতিপয় বরাদ্দলাভকারী তাঁহাদের বিল্ডিং অনুমোদিত নক্শা
বহির্ভূত কাজ সম্পন্ন করিতেছে । এই বিষয়ে বোর্ডের পরবর্তী কার্যক্রম সম্পর্কে সিদ্ধান্ত গ্রহন করা ।

**গৃহীত সিদ্ধান্তঃ-** অনুমোদিত নক্শার বহির্ভূত যে সব নির্মাণ কাজ বিভিন্ন নির্মানাধীন ভবনের মালিকগণ/করিতেছেন/সে সব
মালিকদেরকে অননুমোদিত নির্মাণ কাজ বন্ধ করার ব্যাপারে অবিলম্বে চিঠি লিখার জন্য
সি, ই, ও'কে অনুরোধ করা গেল ।

**প্রস্তাব নং-৭ ঃ** মানিকদী ইসলামিয়া মাদ্রাসার দায়িত্ব গ্রহন প্রসংগে ঃ

'সাভূসে' অধিদপ্তরের ২৭-৮-৯১ ইং তারিখের ৬/এমএলএন্ডসি/এমইও/৩০৬/শা-৩/৪৭ নং পত্রের
আলোকে মানিকদী ইসলামিয়া দাখিল মাদ্রাসার প্রশাসনিক দায়িত্ব ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক
গ্রহনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করা ।

**গৃহীত সিদ্ধান্তঃ-** বিশদ আলোচনান্তে মাদ্রাসাটি আপাততঃ ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক গ্রহন না করার সিদ্ধান্ত
গৃহীত হলো ।

৩য় পৃঃ দ্রঃ

প্রস্তাব নং-৮ঃ কবর পাকা করণ প্রসংগেঃ

কবর পাকা করনের নিমিত্ত নিম্নলিখিত আবেদনকারীদের আবেদনপত্র বিবেচনা করণ ঃ-

(ক) মিসেস জাহেদা খাতুন ।

(খ) কে,এম,ইকবাল, ক্যাঃ বি,এন,

(গ) বেগম নূর জাহান আরা ।

গৃহীত সিদ্ধান্ত ঃ- উপরোক্ত ৩টি কবর নিয়ম মোতাবেক অর্থ জমা করার পর নিম্নোক্ত শর্ত সাপেক্ষে পাকা করার অনুমতি প্রদান করা হলো ঃ-

(ক) কবরের প্রাচীর ৫" করিতে হইবে ।

(খ) কবরের উচ্চতা ২' ফুট করিতে হইবে ।

(গ) প্রয়োজনে ক্যাণ্টনমেন্ট বোর্ড ক্ষতি পূরন ব্যতিরেকে বা কোন অবগতি ছাড়াই বিনা নোটিশে পাকা কবর ভাংগিয়া দিতে পারিবে ।

ইহা ছাড়াও উপরোক্ত শর্ত সাপেক্ষে গত ২২-৭-৯১ ইং তারিখের পর্ষদ সভার ২ নম্বর প্রস্তাবের মাধ্যমে নিম্নবর্ণিত কবর পাকা করনের আবেদনগুলি না মঞ্জুর করা হইয়াছিল সেইগুলিও পাকা করার অনুমতি প্রদান করা গেল ঃ-

(ক) মোঃ নজরুল ইসলাম খান ।

(খ) মোঃ শাহজাহান ।

(গ) মেজর এ কে এম মাহফুজুল হক ।

(ঘ) মিসেস মকবুলা পারভীন ।

(ঙ) মোঃ আবদুল গফুর খান ।

প্রস্তাব নং-৯ঃ ক্যাণ্টঃ সুপার মার্কেটের জায়গা বরাদ্দ করণ ঃ

অবসরপ্রাপ্ত সৈনিক হাজী বশির আহমেদ, পিতামৃত-দুলাল মিয়া'কে ক্যাণ্টনমেন্ট সুপার মার্কেটে ৪০'X৪০' ফুট এক খন্ড জায়গা অস্থায়ী ভিত্তিতে বরাদ্দের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ উক্ত স্থানটি সরেজমিনে পরিদর্শন পূর্বক লীজ দেওয়ার উপযুক্ত হইলে প্রকাশ্য নিলামের মাধ্যমে সর্বোচ্চ ডাককারীকে জায়গা লীজ দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হলো ।

প্রস্তাব নং-১০ঃ মার্কেট কমিটির জন্য জায়গা বরাদ্দ করণ ঃ

ক্যাণ্টনমেন্ট সুপার মার্কেট কমিটির জন্য অফিস ঘর নির্মাণ/বরাদ্দের বিষয়ে সভাপতি, ক্যাণ্টনমেন্ট সুপার মার্কেট কমিটির ১০-৭-৯১ ইং তারিখের আবেদনটি বিবেচনা করণ ।

গৃহীত সিদ্ধান্ত ঃ- প্রস্তাবিত জায়গার পরিবর্তে অন্য কোন জায়গা দেওয়া যায় কি না উহা পরীক্ষা করে পরবর্তী পর্ষদ সভায় পেশ করার সিদ্ধান্ত গৃহীত হলো ।

প্রস্তাব নং-১১ঃ ক্যাণ্টনমেন্ট সুপার মার্কেটের দোকানের প্রতি ইউনিট বিদ্যুৎ এর চার্জ বর্ধিত করণ ঃ

ক্যাণ্টনমেন্ট সুপার মার্কেটের বিদ্যুৎ খাতে আয় ও ব্যয়ের সমতা আনয়ন কল্পে প্রতি ইউনিট বিদ্যুৎ বিল ৩.২৫ টাকার স্থলে ৪.০০ টাকায় ধার্য করার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করণ ।

গৃহীত সিদ্ধান্ত ঃ- ক্যাণ্টনমেন্ট সুপার মার্কেটের বিদ্যুৎ খাতে আয় ও ব্যয়ের সমতা আনয়ন কল্পে আগামী ০১-১০-৯১ ইং তারিখ থেকে প্রতি ইউনিট ~~থ~~ বিদ্যুৎ চার্জ ৩.২৫ টাকার স্থলে ৪.০০ টাকায় বর্ধিত করার সিদ্ধান্ত গৃহীত হলো ।

৪র্থ পৃঃ দ্রঃ

১৭-৯-৯১ইং



প্রস্তাব নং-১২ঃ ক্যাণ্টনমেন্ট সুপার মার্কেট, কচুক্ষেত এর গরু ও খাসীর মাংসের দর পুনঃ নির্ধারণ ঃ

ক্যাণ্টনমেন্ট সুপার মার্কেটে গরু ও খাসীর মাংসের প্রতি কেজির দর পুনঃ নির্ধারণ করণ।

গৃহীত সিদ্ধান্তঃ- পৌর এলাকাধীন অন্যান্য বাজারের দর সার্বিক বিবেচনা এনে গরু ও খাসীর মাংসের দর নিম্নবর্ণিত ভাবে পুনঃ নির্ধারণ করা হলোঃ-

| | বর্তমান দর (প্রতি কেজি) | পুনঃ নির্ধারিত দর (প্রতি কেজি) |
|---|---|---|
| গরুর মাংস -- | ৫০·০০ টাকা | ৫৫·০০ টাকা। |
| খাসীর মাংস -- | ৮০·০০ টাকা | ৯০·০০ টাকা। |

প্রস্তাব নং-১৩ঃ ট্রানজিট পাশ ইস্যু ও নবায়ন ফিস বর্ধিত করণঃ

ক্যাণ্টনমেন্ট বোর্ড কর্তৃক আবাসিক ও ট্রানজিট পাশ নতুন ইস্যু এবং নবায়নের ফিস পুনঃ নির্ধারণ করণ।

গৃহীত সিদ্ধান্তঃ- আগামী ১-১০-৯১ ইং তারিখ হইতে ট্রানজিট পাশ ইস্যু ও নবায়ন করনের ফিস নিম্নোক্ত ভাবে বৃদ্ধি করা হলোঃ-

আবাসিক/ট্রানজিট পাশ ইস্যু ফিস -- ১৫·০০ টাকা প্রতিটি।
আবাসিক/ট্রানজিট পাশ নবায়ন ফি -- ১০·০০ টাকা প্রতিটি।

প্রস্তাব নং-১৪ঃ মিরপুর সেনানিবাসে খোঁয়াড় স্থাপনঃ

স্টেশন সদর দপ্তরের ২৬-৮-৯১ ইং তারিখের ৬০০/আর/এ নং পত্রের আলোকে ঢাকা ক্যাণ্টনমেন্ট বোর্ড কর্তৃক মিরপুর সেনানিবাসে একটি খোঁয়াড় স্থাপনের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করা।

গৃহীত সিদ্ধান্তঃ- বিষয়টি বিশদ আলোচনান্তে খোঁয়াড় স্থাপনের প্রস্তাবটি বিবেচনা করা গেল না।

প্রস্তাব নং-১৫ঃ বাজার এলাকায় রাস্তা কার্পেটিং এর দর অনুমোদন করণঃ

ক্যাণ্টনমেন্ট বাজার এলাকার ৪ ও ৭ নং সড়কের কার্পেটিং করনের সর্বনিম্ন দরপত্র অনুমোদন করণ।

গৃহীত সিদ্ধান্তঃ- মেসার্স দিগন্ত মরুমী প্রকৌশলী কর্তৃক প্রদত্ত ৩·০১% উর্ধ (এম ই এস সিডিউল অব রেইটস, ১৯৯০ ইং সালের দর মোতাবেক) দরটি অনুমোদন করা হলো।

প্রস্তাব নং-১৬ঃ মিরপুর লিংক রোড মেরামত/সীলকোট করনের দর অনুমোদন করণঃ

মিরপুর লিংক রোড মেরামত/সীলকোট করনের সর্বনিম্ন দরপত্র অনুমোদন করণ।

গৃহীত সিদ্ধান্তঃ- মেসার্স মনির এন্ড কোং কর্তৃক প্রদত্ত ৩% উর্ধ (এম ই এস সিডিউল অব রেইটস, ১৯৯০ ইং সালের দর মোতাবেক) দরটি অনুমোদন করা হলো।

প্রস্তাব নং-১৭ঃ মিরপুর জুনিয়র উচ্চ বিদ্যালয়ের আসবাবপত্র সরবরাহের দর অনুমোদন করণঃ

সেনানিবাস পর্ষদ জুনিয়র উচ্চ বিদ্যালয়, মিরপুরের আসবাবপত্র সরবরাহের সর্বনিম্ন দরপত্র অনুমোদন করণ।

গৃহীত সিদ্ধান্তঃ- মেসার্স হক এন্টারপ্রাইজ কর্তৃক প্রদত্ত ৮·২৫% উর্ধ (এম ই এস সিডিউল অব রেইটস, ১৯৯০ ইং সালের দর মোতাবেক) দর সহ নন-সিডিউল আইটেমে ১১,০০০·০০ (এগার হাজার) টাকা অনুমোদন করা হলো।

৫ম পৃঃ দ্রঃ

প্রস্তাব নং-১৮ঃ শহীদ সরণীতে রোড মার্কিং করনের দর অনুমোদন করণ ঃ

শহীদ সরণী রোড মার্কিং এর সর্বনিম্ন দরপত্র অনুমোদন করণ।

গৃহীত সিদ্ধান্তঃ- মেসার্স আলম ব্রাদার্স কর্তৃক প্রদত্ত ৭০% উর্ধ ( এম ই এস সিডিউল অব রেইটস্,১৯৯০ ইং সালের দর মোতাবেক ) দর অনুমোদন করা হলো।

প্রস্তাব নং-১৯ঃ মিলি সুপার মার্কেট ৫ ও ৬ তলা করণ প্রসংগে ঃ

মিলি সুপার মার্কেটের মালিক ক্যাপ্টেন আব্দুর রহমানের উক্ত মার্কেটটি ৫ ও ৬ তলা করনের আবেদনটি বিবেচনা করণ।

গৃহীত সিদ্ধান্তঃ- বর্তমান প্রচলিত বিল্ডিং বাই-'ল' মোতাবেক আপাততঃ ৫ তলা নির্মানের অনুমোদন দেওয়া হলো।

প্রস্তাব নং-২০ঃ পানি সরবরাহের মটর মেরামত করণ প্রসংগে ঃ

ক্যাণ্টনমেন্ট বাজার এলাকার পানি সরবরাহের মটর মেরামত করনের মূল্যানুমান অনুমোদন করণ।

গৃহীত সিদ্ধান্তঃ- নিয়ম মোতাবেক দরপত্র আহবানের মাধ্যমে মটরটি মেরামত করার অনুমোদন দেওয়া হলো।

প্রস্তাব নং-২১ঃ ঢাকা সেনানিবাসের বিভিন্ন উন্নয়নমূল কাজের মূল্যানুমান অনুমোদন প্রসংগে ঃ

ঢাকা সেনানিবাসস্থ বিভিন্ন উন্নয়নমূলক কাজের মূল্যানুমান অনুমোদন করণ।

গৃহীত সিদ্ধান্তঃ- এতদসংগে 'ক' আকারে সংযুক্ত মোট দশটি বিভিন্ন উন্নয়নমূলক কাজের মূল্যানুমান অনুমোদন করা হলো।

প্রস্তাব নং-২২ঃ ঢাকা ক্যাণ্টনমেন্ট বোর্ডের ১৯৮৮-৮৯ ও ১৯৮৯-৯০ আর্থিক সনের বাৎসরিক আয়-ব্যয়ের হিসাব অবহিত হওয়া ও অনুমোদন করণ।

গৃহীত সিদ্ধান্তঃ- পরবর্তী পর্ষদ সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-২৩ঃ ক্যাণ্টনমেন্ট আবাসিক এলাকাস্থ ৭০ নং প্লট ও প্লটে নির্মিত আট ফ্লাট বিশিষ্ট বাড়ীটি অবিভাজ্য ও অবিভক্ত অবস্থায় আটজনের নিকট হস্তান্তর/বিএয়ের অনুমতি চাহিয়া মালিক মিসেস সরওয়ার মোর্শেদ এর নিযুক্ত আমমোক্তার দি ক্রি স্কুল স্ট্রীট প্রপার্টি লিঃ এর আবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করা। এতদ্ব্যাপারে মালিকের আমমোক্তারনামা, আমমোক্তারের আবেদন, আইন উপদেষ্টার মতামত এবং গত ২২-৭-৯১ ইং তারিখের পর্ষদ সভার সিদ্ধান্ত মোতাবেক সরকারী উকিলের মতামত উপস্থাপন করা হইল।

গৃহীত সিদ্ধান্তঃ- পরবর্তী পর্ষদ সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-২৪ঃ ক্যাণ্টনমেন্ট আবাসিক এলাকাস্থ ৩৭ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীটি হস্তান্তরের প্রেক্ষিতে নামান্তর করার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করা। এতদ্ব্যাপারে আইন উপদেষ্টার মতামতসহ এক্তা ডঃ চৌধুরী মোঃ আমির উদ্দিন খান ও মিসেস আসমা বেগমের আবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র উপস্থাপন করা হইল।

গৃহীত সিদ্ধান্তঃ- পরবর্তী পর্ষদ সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-২৫ঃ ক্যাণ্টনমেন্ট আবাসিক এলাকাস্থ ১০৫(১৯, সপ প্লট ) নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীটি হস্তান্তরের প্রেক্ষিতে নামান্তরের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করা। এতদ্ব্যাপারে আইন উপদেষ্টার মতামতসহ এক্তা মিসেস ইয়াসমিন মাহমুদ এর আবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্র উপস্থাপন করা হইল।

গৃহীত সিদ্ধান্তঃ- পরবর্তী পর্ষদ সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো।

**প্রস্তাব নং-২৬ঃ** মহাখালী ফিলিপস্ ফ্যাক্টরীর সম্মুখে ১ নং বাণিজ্যিক প্লটে দালান নির্মানের অনুমতি অথবা সমপরিমাণের বিকল্প প্লট প্রদানের আবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করা। এতদ্ব্যাপারে ইজারাদার মিসেস উম্মে কুলসুমের আবেদন উপস্থাপন করা হইল।

**সিদ্ধান্তঃ-** পরবর্তী পর্ষদ সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো।

**প্রস্তাব নং-২৭ঃ** ক্যান্টনমেন্ট সুপার মার্কেটের ১ হইতে ২০ নং দোকানের উপর গার্মেন্টস ব্যবসার অনুমতি ও বরাদ্দ প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করা। এতদ্ব্যাপারে জাতীয় ফুটবল খেলোয়ার জনাব মোঃ কায়সার হামিদ, পিতা-লেঃ কর্ণেল (অবঃ) এম,এ, হামিদ এর আবেদন উপস্থাপন করা হইল।

**গৃহীত সিদ্ধান্তঃ-** পরবর্তী পর্ষদ সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো।

**প্রস্তাব নং-২৮ঃ** ক্যান্টনমেন্ট সুপার মার্কেটে বাৎসরিক ভিত্তিতে গত ১-৭-৯০ ইং হইতে ৩০-৬-৯১ ইং পর্যন্ত বেকারী ব্যবসার নিমিত্ত ৪(চার)টি দোকানের জায়গা ৪(চার) জনের নামে বরাদ্দ প্রদান করা হইয়াছে যাহার মধ্যে বরাদ্দলাভকারীগণ অত্র কার্যালয়ের অনুমোদনক্রমে সেমি-পাকা দালান নির্মাণ করিয়াছেন। উহার মেয়াদ ৫(পাঁচ) বৎসর বৃদ্ধি করনের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করা। এতদ্ব্যাপারে বরাদ্দলাভকারীদের আবেদন উপস্থাপন করা হইল।

**গৃহীত সিদ্ধান্তঃ-** পরবর্তী পর্ষদ সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো।

**প্রস্তাব নং-২৯ঃ** ক্যান্টনমেন্ট সুপার মার্কেটের নিম্নবর্ণিত দোকানগুলির ভাড়া গত ২২-৭-৯১ ইং তারিখের ১৮ নং গৃহীত সিদ্ধান্তের ভিত্তিতে প্রতি বর্গফুট ৩.২৫ টাকা হারে বলবৎ করনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করা। দোকান নং-৩৫/এ ব্যতীত ২১ হইতে ৪৭ পর্যন্ত ২৭টি এবং মিরপুর ১৪ নং সেকশনের ৪টি দোকান।

**গৃহীত সিদ্ধান্তঃ-** পরবর্তী পর্ষদ সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো।

**প্রস্তাব নং-৩০ঃ** মিরপুরগামী সড়কের পার্শ্বে কচুক্ষেত এলাকায় মিলি সুপার মার্কেট সংলগ্ন একটি 'স' মিল স্থাপনের নিমিত্ত ট্রেড লাইসেন্স বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করা। এতদ্ব্যাপারে মেসার্স রনি 'স'মিল, সিবি-১৯৯/২, কচুক্ষেত, ঢাকা সেনানিবাসের আবেদনপত্র উপস্থাপন করা হইল।

**গৃহীত সিদ্ধান্তঃ-** পরবর্তী পর্ষদ সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো।

**প্রস্তাব নং-৩১ঃ** ডি ও এইচ এস, মহাখালী এলাকায় নির্মিত বাড়ীর বাউন্ডারী দেওয়ালের বাহিরে সড়ক পার্শ্বে লাগানো গাছ-পালা/সব্জি বাগান উঠাইয়া ফেলানোর উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করা।

**গৃহীত সিদ্ধান্তঃ-** পরবর্তী পর্ষদ সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো।

**প্রস্তাব নং-৩২ঃ** মিরপুর ১৪ নং সেকশনে বরাদ্দকৃত ৪টি দোকানের উত্তর পার্শ্বে ১টি দোকানের খালি জায়গা বরাদ্দের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করা। এতদ্ব্যাপারে মিসেস তফছিরুন নেছার আবেদন উপস্থাপন করা হইল।

**গৃহীত সিদ্ধান্তঃ-** পরবর্তী পর্ষদ সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো।

৭ম পৃঃ দ্রঃ

প্রস্তাব নং-৩৩ঃ ঢাকা সেনানিবাস এলাকার বিভিন্ন বাড়ীর নকসা অনুমোদন করণ ঃ

ঢাকা সেনানিবাস এলাকার বিভিন্ন বাড়ীর নক্সা অনুমোদন করণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ- নিম্নোক্ত ৮টি বাড়ীর নক্সা অনুমোদন করা হলো ঃ-

| | | |
|---|---|---|
| (১) | মিসেস নার্গিস খালেক | - ১০৪, মহাখালী ডিওএইচএস ( সংশোধিত )। |
| (২) | ব্রিগেডিয়ার শরফুদ্দিন আহম্মদ | - ১৪৭, মহাখালী ডিওএইচএস, ঢাকা সেনানিবাস। |
| (৩) | ব্রিগেঃ আনোয়ার হোসেন চৌধুরী, পিএসসি, | বি/১২৯, মহাখালী ডিওএইচএস, " |
| (৪) | লেঃ কর্ণেল আব্দুস সবুর | - বি/১১৯, মহাখালী ডিওএইচএস( সংশোধিত )। |
| (৫) | মিসেস নূর জাহান বেগম | - ৩৬৬, মহাখালী ডিওএইচএস ( সংশোধিত )। |
| (৬) | বেলায়েত হোসেন ও অন্যান্য | - সিএস প্লট নং-১২৪ ও ১২৫(আংশিক) মৌজা-লালাসরাই, ঢাকা ক্যান্ট। |
| (৭) | মোঃ মহিউদ্দিন ভূঁইয়া ও অন্যান্য | - সিএস প্লট নং- |
| (৮) | ব্রিগেঃ আনিসুর রহমান | - ২৮৯, মহাখালী ডিওএইচএস, ঢাকা সেনানিবাস। |

প্রস্তাব নং-৩৪ঃ বিবিধ ঃ

(১) ক্যান্টনমেন্ট সুপার মার্কেটের ৪২ ও ৪৩ নং দোকানের পশ্চিম পার্শ্বে নির্মানাধীন সিড়ি ঘরের নীচের জায়গা/দোকান কম্পিউটার ট্রেনিং সেন্টার করার নিমিত্ত বরাদ্দ প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করা। এতদ্ব্যাপারে সংশ্লিষ্ট মার্কেটের ১০৬, ১০৭ ও ১০৮ নং দোকানের বরাদ্দপ্রাপ্ত মালিক ডাঃ জিল্লুর রহিমের আবেদন উপস্থাপন করা হলো।

(২) ক্যান্টনমেন্ট আবাসিক এলাকাস্থ ৫০ নং প্লট/প্লটে নির্মিত বাড়ী মেজর (অবঃ) জসিম উদ্দিন এর নামে নামান্তর করার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করা। এতদ্ব্যাপারে আইন উপদেষ্টার মতামতসহ ক্রেতা মেজর(অবঃ) জসিম উদ্দিন এর আবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্র উপস্থাপন করা হলো।

(৩) পর্ষদের আইন উপদেষ্টা জনাব মোঃ মফিজুর রহমানের বিভিন্ন ফিস বর্ধিত করনের আবেদন বিবেচনা করণ। এ ব্যাপারে তাঁর ১৭-৭-৮৮ ইং তারিখের আবেদনপত্র এবং বর্তমান প্রচলিত বিভিন্ন ফিসের রেইট সভায় উপস্থাপন করা হলো।

(৪) পর্ষদের পুরাতন মালামাল পুনঃ নিলামের সর্বোচ্চ দর বিবেচনা করণ। এ প্রসংগে নিলামযোগ্য মালামালের তালিকা, নিলাম নোটিশ, নিলাম কমিটির সুপারিশ ইত্যাদি সভায় পেশ করা গেল।

(৫) শহীদ সরণী রাস্তার সোডিয়াম বাতি সংরক্ষনে অসুবিধা অবহিত হওয়া।

(৬) জনাব এস, আর, কে, লোহানীর ২৯-৭-৯৯ ইং তারিখের আবেদন এবং স্টেশন সদর দপ্তরের ২১-৫-৮৮ ইং তারিখের ৭০৩/৯/কিউ-৩ এবং ২৪-৮-৯৯ ইং তারিখের ৭০৩/৯/কিউ-৩ নং পত্রাদি বিবেচনার্থে পর্ষদ সভায় পেশ করা হয়।

গৃহীত সিদ্ধান্ত ঃ- বিবিধ ঃ

(১) পরবর্তী পর্ষদ সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো।

(২) পরবর্তী পর্ষদ সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো।

৮ম পৃঃ দ্রঃ

-ঃ ৮ ঃ-

(৩) পর্ষদের আইন উপদেষ্টা জনাব মোঃ মফিজুর রহমানের বিভিন্ন ফিস বর্ধিত করনের আবেদনটি পর্যালোচনান্তে তাঁহার রিটেনার ফিস ( মাসিক সম্মানী ভাতা ) ১০০০/- টাকা থেকে সর্ব সাকুল্যে মাসিক ৫,০০০/-( পাঁচ হাজার ) টাকায় বর্ধিত করনের সিদ্ধান্ত গৃহীত হলো । তিনি কমপক্ষে সপ্তাহে তিনদিন অফিসে উপস্থিত হইবেন এবং আইন সংক্রান্ত যাবতীয় কাজ সম্পন্ন করবেন। এই ব্যাপারে তাঁহাকে আর অন্য কোন ধরনের ফিস, ভাতা, চার্জ বা সম্মানী প্রদান করা হবে না।

(৪) অফিসের পুরাতন অকেজো মালামাল নিলামের সর্বোচ্চ ডাককারী মোঃ হানিফ, ৬২/১, গোয়ালটেক, ঢাকার নিকট ৫২,০০০/- ( বায়ান্ন হাজার ) টাকায় প্রদান/বিক্রয়ের অনুমোদন দেওয়া হলো ।

(৫) সোডিয়াম বাতি রক্ষনাবেক্ষনে হাইড্রোলিক গাড়ী না থাকার কারণে এবং রক্ষনাবেক্ষন ব্যয় অধিক হওয়ায় যেসব অসুবিধা হচ্ছে উহা পর্ষদ সভায় বিস্তারিত আলোচনা করা হলো । সরকার তথা 'সাভুসে' অধিদপ্তর থেকে এ সংক্রান্ত অনুদান পাওয়া গেলে অচল বাতি মেরামতের পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয় ।

(৬) স্টেশন সদর দপ্তর কর্তৃক পৃথক ভাবে বিষয়টি উর্ধতন কর্তৃপক্ষের গোচরীভূত করা হয়েছে বলে জানা যায়, তাই বিষয়টির উপর সিদ্ধান্ত গ্রহন আপাততঃ স্থগিত রাখা হয় ।

উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার কাজ শেষ করেন ।

( মোঃ আবদল করিম )
সেক্রেটারী,
ক্যাণ্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যাণ্টনমেন্ট ।

( কর্ণেল মনিরুজ্জামান খান, পিএসসি, )
প্রেসিডেন্ট,
ক্যাণ্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যাণ্টনমেন্ট ।

এবড়পত্র-"ক"

বিভিন্ন উন্নয়নমূলক কাজের মূল্যানুমান ।

কচুক্ষেত পুরান বাজার এলাকার মুসলিম মডার্ণ স্কুলের পিছন হইতে সেনা পল্লী স্কুলের সামনের রাস্তা পর্যন্ত
। কার্পেটিং রাস্তা নির্মাণ ও রাস্তার পার্শ্বে আর,সি,সি, পাইপ স্থাপনের জন্য এম,ই,এস,সিডিউল,১৯৯০
ইং অনুযায়ী ২৫,১৬,০০০'০০ টাকার মূল্যানুমান অনুমোদন করণ ।

। শহীদ সরণী হইতে ভাষানটেকগামী ( সি এম এইচ এর দক্ষিন পার্শ্বে ) রাস্তা নির্মানের জন্য এম ই এস
সিডিউল, ১৯৯০ ইং অনুযায়ী ১৪,১৬,০০০'০০ টাকার মূল্যানুমান অনুমোদন করণ ।

। বনানী রোড নং-৪ এর পার্শ্বে গাইড ওয়ালসহ ব্রিক সলিং করনের জন্য এম,ই,এস, সিডিউল অব রেইটস্
১৯৯০ ইং অনুযায়ী ২,২১,৮৬৫'০০ টাকার মূল্যানুমান অনুমোদন করণ ।

। বনানী ডি ও এইচ এস এলাকার ওয়েষ্টার্ণ রোড,মসজিদ রোড,রোড নং-২,৩ ও ৪ এর পার্শ্বে উঁচু মাটি
কাটা ,লেভেলিং ,ড্রেসিং এবং কাটা মাটি পরিবহনের মূল্যানুমান এম ই এস সিডিউল অব রেইটস্,১৯৯০ ইং
অনুযায়ী ( ১২-৫-৯১ ইং তারিখের পর্ষদ সভার পরিবহনের অনুমোদিত দর অনুযায়ী ) ৮৯,২১৬'৮২ টাকার
মূল্যানুমান অনুমোদন করণ ।

। মুসলিম মডার্ণ একাডেমীর পুরাতন ব্রিক সলিং রাস্তা উঠাইয়া বাউন্ডারী দেওয়ালের ভিতর নতুন সলিং রাস্তা,
তৎসংলগ্ন ড্রেন ও নতুন গেইট নির্মাণ করনের জন্য এম,ই,এস,সিডিউল অব রেইটস্,১৯৯০ ইং অনুযায়ী
১,৯৪,১৭৬'৬৭ টাকার মূল্যানুমান অনুমোদন করণ ।

। কুর্মিটোলা পি,এস,আই, মার্কেটের নিকট যাত্রী ছাউনি নির্মাণ করনের জন্য এম,ই,এস,সিডিউল অব
রেইটস্, ১৯৯০ ইং অনুযায়ী ২,১৫,০০০'০০ টাকার মূল্যানুমান অনুমোদন করণ ।

। জিয়া কলোনী ও সি,এম,টি,ডি'র সম্মুখের রাস্তা ( এম,ই,এস,অফিস হইতে কুর্মিটোলা সাব-গার্ডরুম
পর্যন্ত রাস্তার মেরামতের জন্য এম,ই,এস, সিডিউল অব রেইটস্, ১৯৯০ ইং অনুযায়ী ১,৫০,০০০'০০
টাকার মূল্যানুমান অনুমোদন করণ । রাস্তা মেরামতের ব্যাপারে সি,এম,টি,ডি, ঢাকা সেনানিবাসের
৪-৯-৯১ ইং তারিখের ১১৫৪/২/কিউ এম পত্র উপস্থাপন করা হইল ।

। ক্যাণ্টনমেন্ট বাজার এলাকার সেন্ট্রাল রোড,রোড নং-৩ এবং ৮ কার্পেটিং করনের জন্য ৮,০৫,০০০'০০
টাকার মূল্যানুমান অনুমোদন করণ ।

। মহাখালী ডিওএইচএস এলাকার লেইন নং-৮ এর পার্শ্বে প্লট নং-২০০, বি/১০৩,বি/১০৫,বি/১০৭ এবং
বি/১১১ এর সংগে খোলা ড্রেনের উপর আর,সি,সি, কভার স্লাব নির্মানের জন্য ১,২৬,৭০৯'০০ টাকার
মূল্যানুমান ( এম,ই,এস,সিডিউল অব রেইটস,১৯৯০ ইং মোতাবেক )অনুমোদন করণ ।

০। মহাখালী ডি ও এইচ এস এলাকার প্লট নং-বি/২৪৭ এর পূর্ব ও উত্তর পার্শ্বে খোলা ড্রেনের উপর আর সি সি
স্লাব নির্মানের ৪৯,৯৯৩'০৬ টাকার মূল্যানুমান ( এম ই এস সিডিউল অব রেইটস্, ১৯৯০ ইং মোতাবেক )
অনুমোদন করণ ।

( মোঃ আবদুল করিম )
সেক্রেটারী,
ক্যাণ্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যাণ্টনমেন্ট ।

( কর্ণেল মনিরুজ্জামান খান,পিএসসি, )
প্রেসিডেন্ট,
ক্যাণ্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যাণ্টনমেন্ট ।